# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৪৫: মৃতকে দাফনের পূর্বে তার পক্ষে সাক্ষ্য গ্রহণের রেওয়াজ কিছু কিছু মুসলিম সমাজে প্রচলিত আছে। মৃতের কোন আত্মীয় বা অভিভাবক জনগণকে উদ্দেশ্য করে বলে, আপনারা মৃতের ব্যাপারে কি সাক্ষ্য প্রদান করবেন? তখন তারা তার ব্যাপারে সততার সাক্ষ্য প্রদান করে। এসব কর্মকাণ্ডের কোন ভিত্তি কি শরী‘আতে আছে?

শরী‘আতে এর কোন ভিত্তি নেই এবং কারো জন্য এরূপ বলাও উচিৎ নয়। কেননা এটি বিদ‘আতের অন্তর্ভুক্ত। তাছাড়া তার ব্যাপারে কেউ অসততার সাক্ষ্য দিতেও পারে, আর সে ক্ষেত্রে সেটি হবে তার জন্য অপমান এবং লাঞ্ছনার বিষয়। কারণ এ বিষয়ে একটি হাদীছ পাওয়া যায়। রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম একদা তাঁর ছাহাবীগণের সঙ্গে ছিলেন। এমতাবস্থায় একটি মৃতকে তাঁদের পাশ দিয়ে নিয়ে যাওয়া হল এবং তাঁরা তার প্রশাংসা করলেন। তখন রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, ‘অপরিহার্য হয়ে গেছে’। এরপর আরেকটি লাশ তাঁদের পাশ দিয়ে গেল কিন্তু তাঁরা তার বদনাম করলেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, ‘অপরিহার্য হয়ে গেছে’। ছাহাবীগণ (রাদিয়াল্লাহু ‘আনহুম) জিজ্ঞেস করলেন, ‘অপরিহার্য হয়ে গেছে’ অর্থ কি? রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, ‘তোমরা যার প্রশংসা করলে, তার জন্য জান্নাত অপরিহার্য হয়ে গেছে। আর তোমরা যার বদনাম করলে, তার জন্য জাহান্নাম অপরিহার্য হয়ে গেছে।[1]

## ফুটনোট

[1]. বুখারী, ‘জানাযা’ অধ্যায়, হা/১৩৮৬; মুসলিম, ‘জানাযা’ অধ্যায়, হা/৯৪৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1702

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন